

## আন-নাহাল | An-Nahl | النَّحل

আয়াতঃ ১৬ : ৪৫

### আরবি মূল আয়াত:

أَفَامِنَ الَّذِينَ مَكَرُوا السَّيِّئَاتِ أَن يَخْسِفَ اللَّهُ بِهِمُ الْأَرْضَ أَوْ يَأْتِيَهُمْ  
الْعَذَابُ مِنْ حِيْثُ لَا يَشْعُرُونَ ﴿٤٥﴾

### A | ৪৫ অনুবাদসমূহ:

যারা মন্দের ষড়যন্ত্র করে তারা কি নিরাপদ হয়ে গেছে যে, আল্লাহ তাদেরসহ মাটিকে ধ্বসিয়ে দেবেন না। অথবা তাদের উপর আসবে না, আয়াব এমনভাবে যে, তারা উপলক্ষ্মি করবে না? — আল-বায়ান

যারা (ইসলামের বিরুদ্ধে) কূট-কৌশল করছে তারা কি নির্ভয় হয়ে গেছে যে, আল্লাহ তাদেরকে যমীনে ধ্বসিয়ে দিবেন না, অথবা তাদের কাছে শান্তি এসে পড়বে না এমন দিক থেকে যা তারা এতটুকুও টের পাবে না — তাইসিরুল

যারা দুর্কর্মের ষড়যন্ত্র করে তারা কি এ বিষয়ে নিশ্চিত যে, আল্লাহ তাদেরকে ভূ-গভর্নেন্স বিলীন করবেন না, অথবা এমন দিক হতে শান্তি আসবে না যা তাদের ধারণাতীত? — মুজিবুর রহমান

Then, do those who have planned evil deeds feel secure that Allah will not cause the earth to swallow them or that the punishment will not come upon them from where they do not perceive? — Sahih International

৪৫. যারা কুকর্মের ষড়যন্ত্র করে তারা কি এ বিষয়ে নির্ভয় হয়েছে যে, আল্লাহ তাদেরকে ভূগভর্নেন্স বিলীন করবেন না অথবা তাদের উপর আসবে না শান্তি এমনভাবে যে, তারা উপলক্ষ্মি করবে না।(১)

(১) আলোচ্য আয়াতসমূহে কাফেরদেরকে ভয় প্রদর্শনার্থে বলা হয়েছে যে, আখেরাতের শান্তির পূর্বে দুনিয়াতেও আল্লাহর আয়াব তোমাদেরকে পাকড়াও করতে পারে। তোমরা যে মাটির উপর বসে আছ, তার অভ্যন্তরেই তোমাদেরকে বিলীন করে দেয়া যেতে পারে; কিংবা কোন ধারণাতীত জায়গা থেকে তোমরা আয়াবে পতিত হতে পার; যেমন বদর যুদ্ধে এক হাজার অস্ত্রসজ্জিত বীরযোদ্ধা কয়েকজন নিরন্ত্র মুসলমানের হাতে এমন মার খেয়েছে, যার কল্পনাও তারা করতে পারত না। কিংবা এটাও হতে পারে যে, চলাফেরার মধ্যেই তোমরা কোন আয়াবে গ্রেফতার হয়ে যাও; যেমন কোন দূরারোগ্য প্রাণঘাতী রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে অথবা উচ্চ স্থান থেকে পতিত হয়ে অথবা শক্ত জিনিয়ের সাথে আঘাত লেগে মৃত্যুমুখে পতিত হতে পার, কিংবা এরূপ শান্তিও হতে পারে যে, অকস্মাত আয়াব না এসে টাকা-পয়সা, স্বাস্থ্য এবং সুখ-স্বাচ্ছন্দ্যের উপকরণ সামগ্রী আস্তে আস্তে হ্রাস পেতে থাকবে এবং এভাবে হ্রাস পেতে পেতে গোটা সম্পদায়ই একদিন বিলুপ্ত হয়ে যাবে। [এ ধরনের আয়াত আরো

দেখুন, সূরা আল-মুলকঃ ১৬, ১৭, সূরা আল-আরাফঃ ৯৭-৯৮] [দেখুন, ফাতহল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৪৫) যারা জঘন্য ষড়যন্ত্র করে, তারা কি এ বিষয়ে নিশ্চিত আছে যে, আল্লাহ তাদেরকে ভূগর্ভে ধসিয়ে দেবেন না অথবা এমন দিক হতে শান্তি আসবে না, যার তারা টেরও পাবে না?

-

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1946>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন